

টোকিও, ১৭ মার্চ ২০২৪

টোকিওতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী উদযাপিত

টোকিওস্থ বাংলাদেশ দূতাবাসে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে উদযাপিত হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪। এ উপলক্ষে দূতাবাসে আজ সকালে (১৭ মার্চ ২০২৪, রবিবার) এক আলোচনা সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুরুতে জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদের নেতৃত্বে জাপানে বসবাসরত প্রবাসী বাংলাদেশি, আমন্ত্রিত জাপানি অতিথিবৃন্দ ও বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

পরে জাতীয় সংগীতের সাথে সাথে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ।

আলোচনা সভার পূর্বে জাতির পিতা ও তাঁর পরিবারের শহিদ সদস্য, মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের আত্মার শান্তি ও মাগফিরাত কামনা এবং দেশ ও জাতির কল্যাণে বিশেষ মোনাজাত করা হয়।

এরপর জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও পররাষ্ট্র মন্ত্রী প্রদত্ত বাণী পাঠ করা হয়।

রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ তাঁর বক্তব্যে বাঙালির স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান শ্রদ্ধার সাথে স্মরণ করেন। রাষ্ট্রদূত বলেন, জাতির পিতার নেতৃত্বে দীর্ঘ আন্দোলন ও রক্তক্ষয়ী মুক্তিসংগ্রামের মধ্যদিয়েই বাংলাদেশ রাষ্ট্রের জন্ম হয়। রাষ্ট্রদূত শিশু অধিকার রক্ষা ও শিশুস্বার্থ সংরক্ষণে বঙ্গবন্ধুর গৃহীত পদক্ষেপগুলো তুলে ধরেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশে গঠনে আজকের শিশুরাই হবে দিক নির্দেশক। তিনি এর জন্য শিশুদের মুক্তিযুদ্ধের চেতনা ও বঙ্গবন্ধুর আদর্শে গড়ে তুলতে সকলের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন জাপানি অতিথি ও জাপান প্রবাসী বাংলাদেশ কর্মিউনিটির নেতৃবৃন্দ।

আলোচনা সভার পরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষে বাংলাদেশ দূতাবাস কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। উল্লেখ্য গত ১৬ মার্চ দূতাবাসে জাপানে বসবাসরত বাংলাদেশি শিশু-কিশোরদের অংশগ্রহণে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

এরপর জাতির পিতার জীবন ও কর্মের উপর একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

Tokyo, 17 March 2024

104th Birth Anniversary of Father of the Nation
Bangabandhu Sheikh Mujibur Rahman observed in Tokyo

Bangladesh Embassy in Tokyo observed the 104th Birth Anniversary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and National Children's Day 2024 with due fervor and solemnity. On this occasion, a discussion meeting was organized at the embassy this morning (March 17, 2024, Sunday).

At the beginning of the program members of Bangladeshi community, Japanese guests and embassy officials led by Ambassador Shahabuddin Ahmed laid floral wreaths on the portrait of Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman.

Later Ambassador Shahabuddin Ahmed formally hoisted the National Flag with rendition of the National Anthem at the Embassy premises.

A special prayer was offered for the peace and forgiveness of the souls of the Father of the Nation and the martyred members of his family, martyrs of the Liberation War and for the welfare of the country and the nation.

Then the message given by the President, the Prime Minister and the Foreign minister on 104th Birth Anniversary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and National Children's Day was read out.

During the discussion, Ambassador Shahabuddin Ahmad humbly recalled the contribution of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman in the history of Bangalee's struggle for freedom. He said that Bangladesh was born through the long movement and bloody liberation war led by the Father of the Nation. The ambassador highlighted the steps taken by Bangabandhu to protect children's rights and safeguard children's interests. He said that today's children will be the future leader in building a developed, prosperous and smart Bangladesh by 2041 as announced by Prime Minister Sheikh Hasina. For this, he urged everyone to raise their children in the spirit of the liberation war and the ideals of Bangabandhu.

Japanese guests and leaders of the Bangladeshi community living in Japan participated in the open discussion.

After the discussion meeting, prizes were distributed among the winners of painting and essay competition organized by Bangladesh Embassy on the occasion of 104th birth anniversary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and National Children's Day 2024. The competition was organized at the embassy with the participation of Bangladeshi children living in Japan on March 16.

Later a documentary on the life and works of the Father of the Nation was screened.